# পৌল যেরূপ ভাবে করেছিলেন, সেরূপ ভাবে নতুন পালকদের শিক্ষা দাও

যীশু এবং তাঁর প্রেরিত যে সব কাজ করেছিলেন তার উপর নতুন শিষ্যদের প্রশিক্ষণ দাও।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের E2b পাঠ করা উচিত।

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, পৌল যেমন করেছিলেন তেমনভাবে আমাদেরকেও তারা যেখানে বাস করে, সেখানে গিয়ে লোকদেরকে তোমার বাক্য শিক্ষা দিতে এবং তাদের জন্য নেতাদের চয়ন ও প্রশিক্ষণ দিতে সাহায্য কর।''



শোন! একজন শিক্ষাদানকারী সর্বপ্রথমে তাঁর শিক্ষার্থীদের কথা উত্তমরূপে শ্রবণ করেন। যাতে তাদের উপাসক মন্ডলীর কি প্রয়োজন আছে তা তিনি বুঝতে পারেন। এরপর মথি ১৩ঃ৫২ পদ যেমন উক্ত করেছে, সে অনুযায়ী, তিনি তার ভাঁড়ার থেকে সেই সমস্ত বিভিন্ন পালকীয় শিক্ষাসমূহে বের করে আনেন যা তাঁর প্রত্যেক শিক্ষার্থীর উপাসক মন্ডলীর বর্তমান প্রয়োজনের সাথে মানান সই হয়।

১. **ঈশ্বরের বাক্য সহ আপনার হৃদয় ও মনকে প্রস্তুত করুন।**

ক্রীতীতে পৌল, তীতকে কি করাতে চেয়েছিলেন তা **তীত ১ঃ৫** পদে অণ্বেষণ করুন।

(উত্তর ঃ তীত প্রতি নগরের উপাসক মন্ডলী গুলিতে যা কিছুর অভাব ছিল, তার যত্ন নেওয়ার জন্য তাদের প্রত্যেকটির উপর প্রাচীনদের নিযুক্ত করার দ্বারা উক্ত বিষয়টির সাথে প্রচেষ্টা চালিয়েছিলেন। ক্রীতীতে তাকে ছেড়ে আসার আগে পৌল তীতকে শিক্ষাদান করেছিলেন, যাতে সে পালকত্বে নিযুক্ত প্রাচীনদের প্রশিক্ষণ দেওয়ার জন্য তৈরী হতে পারে।)

ঈশ্বরের বাক্যকে 'বর্ধিত' শিক্ষার দ্বারা শিক্ষা দেবার একটি উদাহরণকে **২ বংশাবলি ১৭ঃ৩-৯** অংশে অণ্বেষণ করুন।

- রাজা যিহোশাফা শিক্ষকদের একটি দলকে গঠন করেছিলেন, যারা যে সমস্ত নগরগুলিতে অভাব ছিল, সেই সমস্ত নগরে ঈশ্বরের বাক্যকে বহন করেছিল।
- তারা কখনোই তাদেরকে শিক্ষা দেবার জন্য একটি নির্দিষ্ট জায়গায় আহ্বান না করে বরঞ্চ লোকেরা যেখানে বাস করত সেই সমস্ত জায়গায় গিয়ে ওই শিক্ষকেরা তাদেরকে নির্দেশাবলি শিক্ষা দিত। এই প্রক্রিয়াটি খ্রীষ্টে বিশ্বাসী বহু উপাসকমন্ডলীগুলির বৃদ্ধি দানের ব্যাপারে এখনও যথেষ্ট কার্যকারী।
- আধুনিক যুগে শিক্ষকরা দুইটি ভিন্ন উপায় নতুন নেতাদেরকে শিক্ষাদান করে থাকেন ঃ

  ১) গতানুগতিক পন্থায়, বড় শ্রেণীকক্ষে অনেক শিক্ষার্থীকে নিয়ে তৈরী দলের মধ্যে তথ্য শিক্ষা দেওয়ার মাধ্যমে।

  ২) যীশু এবং তাঁর প্রেরিতদের মত একটি ছোট দল তৈরী করে, যত্নের মনোভাব সম্পন্ন ভাবে শিক্ষাদান করার দ্বারা।
- গতানুগতিক পন্থায় বড় শ্রেণী কক্ষে বৃহৎ দলকে শিক্ষা দেবার প্রক্রিয়াটি কার্যকরী সেই সমস্ত জায়গায়, যেখানে পরিপক্ক কার্যকরী কর্মীরা থাকেন এবং উত্তম রূপে গ্রথিত মন্ডলী যার প্রয়োজনগুলির প্রতি তৎক্ষণাৎ ধ্যান দেওয়ার দরকার নেই। এরূপ জায়গায়।
- যীশু এবং প্রেরিতরা যেভাবে নতুন নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন সেইভাবে শিক্ষানবীশদের শিক্ষাদান করার প্রক্রিয়াটি অধিক কার্য্যকরী সেই সমস্ত উপাসকমন্ডলী এবং কুটির সহভাগীতাগুলির আশু প্রয়োজনগুলিতে ধ্যান দেওয়ার ক্ষেত্রে যেগুলিতে এখনো কোনও নেতা বা বিশ্বাসী বৃন্দ হয়নি।
- নতুন উপাসক মন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলিকে তুলনা করা যেতে পারে সদ্যোজাত শিশুদের সাথে, যাদের জরুরী কিছুর দরকার থাকে। তাদের প্রয়োজন এমন কাউকে যার একটু অভিজ্ঞতা থাকবে যাতে সে তাদের কথা শোনার মাধ্যমে, তাদের কি ঘাটতি আছে তা বুঝতে পারে এবং সেই অনুযায়ী শিক্ষা দিতে সমর্থ হবেন।

**২ তীমথিয় ২ঃ২** পদে পৌলের চারটি শিক্ষাদানের ''শৃঙ্খলা'' যোগসূত্রকে খুঁজুন।

এই চারটি যোগসূত্র হল ঃ

১। **পৌল** যিনি এই নির্দেশাবলি লিখেছিলেন, আন্তিয়খিয়ার মন্ডলী দ্বারা তাকে প্রেরণ করা হয়েছিল। (প্রেরিত ১৩ঃ১-৩)

২। **তীমথিয়** যিনি এই নির্দেশাবলি গ্রহণ করেছিলেন এবং অন্যদেরকে তা প্রশিক্ষণ দিতে ইফিষীয়তে থেকে গেছিলেন। (১ তীমথিয় ১ঃ১-৫)

৩। **ইফিষীয় এবং** তার আশপাশস্থিত বিশ্বস্ত লোকেরা যারা তীমথিয়ের কাছ থেকে প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছিল। যাদের মধ্যে একজন হল ইপাফ্রা। যে কলসীয়র নতুন পালকে পালকত্ব দান করেছিল। (কলসীয় ৪ঃ১২-১৩)

৪। **'অন্যরাও'** যাদেরকে ইপাফ্রা হিয়রাপলিতে শিক্ষা দান করেছিল। (কলসীয় ৪ঃ১২-১৩)

এই পুনঃ বৃদ্ধিকে ধরে রাখার জন্য আমরা নতুন নিয়মের এই সমস্ত নির্দেশাবলিতে অনুসরণ করি ঃ

- উপাসক মন্ডলীগুলি তাদের 'প্রেরিতদের' নতুন কন্যা উপাসক মন্ডলী স্থাপন করার জন্য প্রেরণ করে। এই প্রেরিতরা হলেন সেই সমস্ত লোক, 'যাদেরকে প্রেরণ করা হয়েছে এবং যাদের সম্বন্ধে ঈশ্বর ইফিষীয় ৪ঃ১১-১২ পদে প্রত্যেক উপাসক মন্ডলীকে দান করার প্রতিজ্ঞা করেছেন।
- পৌল ২ তীমথিয় ২ঃ২ পদে যেমন বলেছেন সেই অনুযায়ী পালকরা যেন বিলম্ব না করে আরও নতুন পালকদের প্রশিক্ষণ দেন।
- প্রশিক্ষকগণ (শিক্ষকরা)

  ১) প্রশিক্ষকগণকে লক্ষ্য রাখতে হবে, তারা যাদেরকে প্রশিক্ষন দিচ্ছেন তারা যেন ভবিষ্যতে সুযোগ পাওয়ার বৃথা প্রচেষ্টার অপেক্ষায় বলে না থেকে অতি সত্বর যা শিখেছে তা তাদের পালের সাথে অনুশীলন করেন। (যাকোব ১ঃ২২; ২ তীমথিয় ২ঃ১৬-১৭)

  ২) কোনও ব্যক্তি পালকীয় প্রাচীন হতে চাইলে, তাকে কেবল মাত্র তা হতে গেলে নতুন নিয়মে যা বলা হয়েছে, সেগুলি পূরণ করতে বলুন এবং যেগুলির সাথে কখনোই মানুষের তৈরী নিয়মাবলি যোগ করে তার উপর চাপিয়ে দেবেন না। তা করলে ঈশ্বর যাদেরকে পালকীয় প্রাচীন হবার দান প্রদান করেছেন তাদের অনেকেই হয়তো সে সুযোগ পাবেন না। (তীত ১ঃ৫-৯)
- প্রশিক্ষিতরা (পালকীয় ছাত্রছাত্রীরা)

  ১) প্রশিক্ষকদের সাথে যা কিছু করার পরিকল্পনা করবে, সে সকল অতি সত্বর নিজ নিজ পালের সাথে ব্যবহার করবে।

  ২) পুন পুন নতুন উপাসকমন্ডলীর গঠনের ধারা অব্যাহত রাখতে যত তাড়াতাড়ি সম্ভব নতুন প্রশিক্ষিতদের শিক্ষাদান শুরু করবে। নতুন উপাসক মন্ডলী গঠনের জন্য পরিচারকদের নিজ নিজ পালকে চিরকালের জন্য ত্যাগ করার প্রয়োজন নেই। প্রেরিত ১৩ এবং ১৪ অধ্যায়ে পৌল এবং বার্ণবা যেমন করেছিল সেরূপ ভাবে তারা তাদের নিজের উপাসক মন্ডলীগুলিতে ফিরে আসতে পারে।

**২. সপ্তাহের মধ্যে উপাসক মন্ডলী কি করবে সে বিষয়ে সহ কর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

- আপনি যেখানে বাস করেন তার কাছাকাছি কোন উপাসক মন্ডলীগুলির জন্য পালকত্বের প্রয়োজন আছে সেই উপাসক মন্ডলীগুলি চিহ্নিত করুন। তীত পালকত্ব করার জন্যে উপযুক্ত প্রাচীনদের বেছে নিয়েছিলেন এবং তাদেরকে শিক্ষাদান শেষে প্রত্যেক উপাসক মন্ডলীর যত্ন নেওয়ার ব্যাপারে তাদেরকে নিযুক্ত করেছিলেন।
- সেই সমস্ত উপাসক মন্ডলীগুলির জন্য নতুন নেতাদের যদি কেউ প্রশিক্ষণ না দিয়ে থাকে তবে প্রার্থনা সহকারে ঠিক করুন যে কাদের আপনি সেগুলির জন্য নিযুক্ত করবেন।
- সেই সমস্ত ব্যক্তিদের সাথে কথা বলুন যাদেরকে আপনি অথবা অন্যান্য পালকরা নেতা হিসাবে প্রশিক্ষণ দিতে পারেন। পৌল যেমন করেছিলেন তেমনভাবে শৃঙ্খলা গড়ে তোলার জন্য ব্যবস্থা করুন যেগুলির অতি শীঘ্রই কিছু যোগসূত্র গড়ে তুলবে।
- নতুন প্রশিক্ষিতদের সাহায্য করুন যাতে তারা অতি শিঘ্রই তাদের নিজের পরিবার এবং বন্ধুবান্ধবদের মধ্যে পালকত্ব শুরু করতে পারে।

**৩. আসন্ন আরাধনার সময়ের জন্য আপনার সহকর্মীদের সাথে কার্যকলাপের পরিকল্পনা করুন।**

এমন কার্যকলাপ বেছে নিন যা স্থানীয় রীতি এবং প্রয়োজনের সাথে মানানসই হবে।

যিহোশাফটের শিক্ষকদের গল্পটি বলুন এবং ১ম ভাগে যে সমস্ত পয়েন্টস্ দেওয়া আছে সেগুলি ব্যাখ্যা করুন।

পৌল কেন তীতকে ক্রীতীতে রেখে এসেছিলেন সে বিষয়ে এবং আপনার পালের শিক্ষকরা কিভাবে তীত যা করেছিলেন তা করবে। সে সম্পর্কে ব্যাখ্যা করুন।

২ তীমথিয় ২ঃ২ পদের উল্লেখিত শিক্ষাদানের শৃঙ্খলার চারটি যোগসূত্র সতর্কতার সাথে বলুন এবং ঈশ্বর কিভাবে আপনার পালকে ওই একই রকম পুন বৃদ্ধি করার প্রক্রিয়াকে ধরে রাখতে সাহায্য করবেন তা ব্যাখ্যা করুন।

সপ্তাহে করার জন্যে যে সমস্ত কার্যকলাপগুলি সম্বন্ধে আপনি পরিকল্পনা করেছেন তা ঘোষনা এবং ব্যাখ্যা করুন।

শিশুরা যে সমস্ত কবিতা, নাটক এবং প্রাপ্ত বয়স্কদের জন্য জিজ্ঞাসা করার জন্য যে প্রশ্নগুলি তৈরী করেছে সেগুলি তাদেরকে উপস্থাপন করতে দিন।

প্রার্থনা করতে কার্যকলাপের পরিকল্পনার নিশ্চয়তা প্রদান করতে এবং একে অন্যকে উৎসাহ দেবার জন্য দুই অথবা তিনজনকে দল গঠন করুন।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য ১ করিন্থীয় ১১ঃ৩৪ পদ পড়ুন।

ব্যাখ্যা করুন যে করিন্থীয়রা যখন প্রভুর ভোজ পালন করত। তখন তারা স্বাভাবিক আহার গ্রহণ করত, যা অনেক সময় আত্মিক বিষয়ের থেকেও বেশী মনযোগ আকর্ষন করত। তাদের মত আমাদেরও এই সবথেকে পবিত্র যীশুর উপস্থিতিকে সম্মান জানান উচিত।

পৌলের প্রদর্শিত পথে কিভাবে বিশ্বাসীরা শিক্ষাপ্রাপ্ত হয়েছে এমন যদি কোনও সাক্ষ্য থাকে তবে তা শুনুন।

**কবিতাঃ**

বিপক্ষ যে সে তার হাতে হাত ঘষে এবং সন্দেহহীন গুরুর মনের

চক্রান্ত পরিব্যপ্ত করে, শিক্ষাকে তারা করে বিকৃত!

সে বিদ্রুপ হাসি হাসে, নিক্ষেপ করে অগ্নিবান

এর নাম নাকি 'মানবিক জ্ঞান'। তাদেরই আঘাত করে যারাভাবে তারা বুঝি অতি তৎপর!

তীত ১ঃ৫ পদ একস্থাথে মুখস্থ করুন।

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net